বাগোয়ান ইউনিয়নের আয়োজনে শিক্ষাত্রীদের মাঝে বাইসাইকেল ও স্যানটারী ন্যাপকিন বিতরণ

মুজিবনগর বাগোয়ান ইউনিয়নের আয়োজনে এলজি এসপি-৩ প্রকল্পের আওতায় শিক্ষাত্রীদের মাঝে বাই সাকেল ও স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় মুজিবনগর বাগোয়ান ইউনিয়ন পরিষদ মিলনাআয়তনে বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেধাবী শির্ক্ষ্থীদের মাঝে বাই সাইকেল,স্যানটারী ন্যাপকিন,কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করেন উপপরিচালকন ভারপ্রাপ্ত স্থানীয় সরকার তৌফিকুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, এস এমসির ডিরেক্টর আনোয়ারুল ইসলাম ও ইউনিয়ন পরিষদের নকল সদস্য, সদস্যা সহ শিক্ষক, শিক্ষার্থী ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি পরে ৩০ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাই সাইকেল, ১৫ শ স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়দের মাঝে পুরষ্কার বিতরন করেন।

- মুজিবনগর অফিস

মুজিবনগরে মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে মহান বিজয় দিবস উৎযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

সভায উপস্থিত ছিলেনমুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম, কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁন বাইজিদ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ), মুক্তিযোদ্ধা সহ উপজেলা প্রশাসনের সকল কর্মচারী কর্মকর্তা গন।

-মুজিবনগর অফিস

মুজিবনগরে আইনশৃঙ্খলা বিষয়ক আলোচনা সভা

মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আইনশৃঙ্খলা বিষয়ক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১০টায় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে উপজেলা নির্বাহী অফিসার উসমান গনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস।

এসময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার ওসি আব্দুল হাশেম, কৃষি অফিসার আনিসুজ্জামান খাঁন বাইজিদ, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, সমাজসেবা অফিসার আব্দুর রব, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, মহাজনপুর ইউনিয়নের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেন,মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ) সহ উপজেলা প্রশাসনের সকল কর্মচারী কর্মকর্তা

গন।

-মুজিবনগর অফিস

মেহেরপুরে গাঁজা সহ আটক ১

মেহেরপুরে ৩০০ গ্রাম গাঁজা সহ সাজেদুল ইসলাম নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার ঢোলমারী গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক সাজেদুল চুয়াডাঙ্গা জেলার জগন্নাথপুর গ্রামের এজারুল ইসলাম বগার ছেলে।

এ বিষয়ে মুজিবনগর থানা একটি নিয়মিত মামলা প্রক্রিয়াধী।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগর দারিয়াপুর ইউনিয়ন ভূমি অফিসের নবনির্মিত ভবন উদ্বোধন ও ঢেউটিন বিতরণ

মুজিবনগর দারিয়াপুর ইউনিয়ন ভূমি অফিসের নবনির্মিত ভবন উদ্বোধন ও ঢেউটিন বিতরণ, মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েয়েছে।

গতকাল শুক্রবার বিকালে ভূমি অফিসের ভবন উদ্বোধন অসুষ্ঠানে মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে ভবন উদ্বোধন করেন জনপ্রশাসন মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রি, মেহেরপুর -১ আসনের মাননীয় সংসদ সদস্য ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম পি পি এম, ভূমি মন্ত্রালয়ের উপসচিব অরুন কুমার মন্ডল, অতিরিক্ত জেলা প্রশাসক ইবাদত হোসেন (রাজস্ব), প্রকৌশলী অধিদপ্তের এক্সচেন, সদর উপজেলা নিরর্বাহী অফিসার মাসুদুর রহমান, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ আবদুল হাসেম, দারিয়াপুর ইউনিয়নের চেয়ারম্যান তৌফিকুল বারী বকুল, মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান (মফিজ), দারিয়াপুর ইউনিয়নের সভাপতি মোস্তাকিম হক থোকন প্রমুখ। পরে মস্ত্রি ৯৬ জন দুস্থ পরিবারের নিকট ১ বাইন করে ঢেউটিন ও নগদন ৩ হাজার টাকা করে বিতরণ করেন।

অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আনোয়ার হোসেন।

- মুজিবনগর অফিস

মুজিবনগরে মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত

মুজিবনগর উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে মাসিক সমন্ময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকালে উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দীন বিশ্বাসের সভাপতিত্ব এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী , উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন, উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারি বকুল সহ সদস্যবৃন্দ।

- মুজিবনগর অফিস

মুজিবনগরের কোমরপুরে পিইসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা

মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের কেএমজি প্রি-ক্যাডেট একাডেমী পিইসি পরীক্ষার্থীদের বিদায় সংবর্ধনা দেওয়া হয়।

গতকাল বৃহস্পতিবার দুপুরের দিকে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। কেএমজি প্রি-ক্যাডেট একাডেমীর অধ্যক্ষ গুলশান আরা রুনুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক ইউপি সদস্য নাজিম বিশ্বাস।

এছাড়া মুক্তিযোদ্ধা মো. খাজা চৌধুরী এবং সহকারী শিক্ষক শামীম রেজা সহ আরো অনেকেই উপদেশ মূলক বক্তব্য প্রদান করেন।

পরে সেখানে পিইসি পরীক্ষার্থীদের দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয় এবং তাদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

- মহাজনপুর প্রতিনিধি

মেহেরপুরের ইসলামপুর বাজারে সড়ক দুর্ঘটনায় আহত-৩

মেহেরপুর সদর উপজেলার ইসলামপুর বাজারে মোটরসাইকেল ও পাখি ভ্যানের মুখোমুখি সংষর্ষে চালকসহ ৩ জন আহত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সন্ধা সাড়ে পাঁচটার দিকে ইসলামপুর বাজারে এ ঘটনা ঘটে।
আহতরা হলেন মোটরসাইকেল আরোহী কোমরপুর গ্রামের ইজারুল ইসলামের ছেলে শাওন ও মধু হালদারের ছেলে পলাশ ও পাখি ভ্যান চালক

গোপালপুরের হোসেন আলী ।

আহতদের মধ্যে পাখি ভ্যান চালকের অবস্থা আশংক্ষাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল হাসপাতালে রেফার্ড করা হয়েছে ও বাকি ২ জন মোটরসাইকেল আরোহীকে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

স্থানীয়রা জানান, গতকাল বৃহস্পতিবার সন্ধা সাড়ে পাঁচটার দিকে মোটরসাইকেল এ করে শাওন ও পলাশ শহরের দিকে যাচ্ছিলো।

এমন সময় উল্টা দিক থেকে আশা একটি পাখি ভ্যানের সাথে মটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ লাগলে সকলে পিচের রোডের উপর ছিটকে পরে যায়। এতে সকলেই গুরুতর আহত হয়। পরে স্থানীয়রা তাদের মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে।

- মহাজনপুর প্রতিনিধি

মুজিবনগরে সিগারেট জব্দ

মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে এ অভিযান চালানো হয়। মেহেরপুর সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তারিকুল ইসলামের নেতৃত্বে মুজিবনগর উপজেলার বল্লভপুর বাজারের মিন্টু স্টোর থেকে ধ‚মপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন ২০০৫ এর ১০ ধারা ও ২০১৫ এর বিধি ৯ এর (ঙ) মোতাবেক ২শ শলাকা সিগারেট জব্দ করা হয়।

উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো: তারিকুল ইসলাম জানান, জাপান টোব্যাকো কোম্পানি এ সমস্ত পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত সিগারেট বাজারে বিক্রি করছে। গোপন সংবাদের ভিত্তিতে এ সকল সিগারেট জব্দ করা হয় বলে তিনি জানান।

- মুজিবনগর অফিস

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]-[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [

করেন তারা। সেখান থেকে নরসিংদি, টাঙ্গাইল, পাবনার ঈশ্বরদি হয়ে ১১ নভেম্বর সোমবার সন্ধ্যায় তারা মেহেরপুর শহরে পৌছান। পরে তনারা মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাংবাদিকদের সাথে সাক্ষাৎ করে তাদের কর্মসূচীর বিষয়ে উপস্থাপন করেন। মঙ্গলবার সকালে মুজিবনগরের উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করে এবং মুজিবনগর স্মৃতি সৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করে তাদের এ ভ্রমণ শেষ হয়।

-নিজস্ব প্রতিনিধি